

In the Name of Allah, the Most Beneficent, the Most Merciful

# মসজিদ পুনরায় নিরাপদে খোলার ৯ টি পদক্ষেপ

যুক্তরাজ্য সরকার ইঙ্গিত দিয়েছে যে, ৪-ই জুলাই ২০২০ থেকে ইংল্যান্ডের মসজিদগুলি জামাতে নামাজের জন্য পুনরায় খুলতে পারে। ওয়েলস এবং স্কটল্যান্ডের জন্য সময়সীমা এখনও নিশ্চিত করা হয়নি।

এই গাইডটি মসজিদ কর্তৃপক্ষকে তাদের সম্প্রদায়ের সুরক্ষা এবং সুস্থতা বজায় রেখে কখন এবং কীভাবে পুনরায় খুলতে পারেন তা যত্ন সহকারে পরিকল্পনা করতে এবং সিদ্ধান্ত নিতে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে।

**পদক্ষেপ ১: পরিকল্পনা করুন, কখন এবং কীভাবে**  
পুনরায় খোলার আগে, একজন 'কভিড' সেইফটি অফিসার নিয়োগ করা খুবই গুরুত্বপূর্ণ, বুকের পূর্ণ মূল্যায়ন করা এবং কখন ও কীভাবে পুনরায় খুলতে হবে সে সম্পর্কে আইনী, চিকিৎসাভিত্তিক এবং বিশেষজ্ঞদের/আলেমদের পরামর্শ নেয়া উচিত। **তাড়াহুড়ো করবেন না: প্রস্তুতির জন্য যদি আরো বেশি সময় প্রয়োজন হয় তবে আরো সময় লাগান।**

**পদক্ষেপ ২: স্পেস (ফাঁকা রাখার) পরিকল্পনা করুন**  
মসজিদে নামাজের ক্যাপাসিটি বা সামর্থ্য কতটুকু আছে হিসাব করে দেখুন। আউটডোর স্পেস (বাহিরের জায়গা) বিবেচনা করুন, অপ্রয়োজনীয় ফ্যাসিলিটি বন্ধ করুন(যেমন; ওয়ু, টয়লেটের স্থান), যদি সম্ভব হয় একমুখী প্রবেশপথ ও বাহিরপথ স্থাপন করুন এবং পরিষ্কার পরিচ্ছন্নতার একটি পরিকল্পনা স্থাপন করুন।

**পদক্ষেপ ৩: সরঞ্জামাদির পরিকল্পনা করুন**  
নতুন সাইন লাগান, যোগাযোগবিহীন (কন্টাক্ট লেস কার্ড) পেমেন্ট মেশিন এবং পরিষ্কারের দ্রব্যাদির ব্যবস্থা করুন। কোন কোন আইটেম মুসল্লিদেরকে ঘর থেকে আনতে বলবেন তার একটি সিদ্ধান্ত নিন (উদাঃ জায়নামাজ, কুরআন, ফেস মাস্ক, ইত্যাদি)।

**পদক্ষেপ ৪: স্পেস এবং স্বেচ্ছাসেবীদের পরিকল্পনা করুন**  
আপনার কর্মী এবং স্বেচ্ছাসেবকদের নতুন নিয়ম কানুন সম্পর্কে প্রশিক্ষণ দিন। কীভাবে ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামগুলি (পিপিই) পরিচালনা করতে হবে, প্রবেশের সময় 'কভিড স্ক্রিনিং', সারি (লাইন) পরিচালনা, ডেন্যু (স্থান/জায়গা)পরিষ্কার রাখা এবং অন্যান্য প্রয়োজনীয় নতুন পদক্ষেপ।

## পদক্ষেপ ৫: জনগণকে প্রস্তুত করুন

আপনার স্থানীয় সম্প্রদায়ের যারা ঘরে নামাজ পড়া উচিত এবং যারা মসজিদে নামাজ পড়তে আসবেন তাদের জন্য নতুন বিধিগুলি কী, তা সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করার পরিকল্পনা নিন।

## পদক্ষেপ ৬: নামাজের পূর্ববর্তী পরিকল্পনা

নামাজে আসার পূর্বে বুकिং সিস্টেম করা যায় কিনা তা পরিকল্পনা করা, সারিবদ্ধ ব্যবস্থা করা, ভিডু কমিয়ে আনার জন্য প্রবেশপথ ও বাহিরপথ পরিষ্কার রাখা এবং প্রবেশপথে 'কভিড স্ক্রিনিং' এর প্রাথমিক ব্যবস্থা নির্বাহ এবং একমুখী ব্যবস্থা থাকার বিষয়ে পরিকল্পনা করুন।

## পদক্ষেপ ৭: নামাজ আদায় কালীন সময়ে করণীয়

মসজিদ খোলা রাখার সময় সীমিত করুন, মুসল্লিদের ঘরে সুল্লাত নামাজ পড়ার পরামর্শ দিন, ২ মিটার ফাঁক চিহ্নিত করুন, প্রত্যেক মুসল্লির সারির মধ্যে একটি খালি সারি নিশ্চিত করুন, খুতবা/নামাজ সংক্ষিপ্ত করুন এবং প্রয়োজন হলে একাধিক/পরপর জামাতের ব্যবস্থা করুন।

## পদক্ষেপ ৮: নামাজ সমাপ্তির পর কি করণীয়

একাধিক/পরপর জামাতের মধ্যখানে কমপক্ষে ৩০ মিনিট সময় রাখুন যাতে জায়গা পরিষ্কার-পরিচ্ছন্ন করতে সুবিধা হয়। মুসল্লিদেরকে হাত স্পর্শ বা হ্যান্ডশেক না করতে স্মরণ করে দিন। যোগাযোগবিহীন (কন্টাক্ট লেস কার্ড) পেমেন্ট মেশিন অথবা অনলাইনের মাধ্যমে দানের ব্যবস্থা করুন এবং পরবর্তী নামাজের সময় না হওয়া পর্যন্ত মসজিদ বন্ধ রাখুন।

## পদক্ষেপ ৯: সমস্যা সমাধানের জন্য প্রস্তুতি ও পরিকল্পনা

কোন মুসল্লী 'কভিড' সংক্রামিত হলে কি করবেন তা নিয়ে একটি পরিকল্পনা করুন। 'কন্টাক্ট ট্রেসিং' এর জন্য মসজিদে উপস্থিত ব্যক্তিদের একটি তালিকা রাখুন। অভিযোগ আসলে কীভাবে মুকাবেলা করবেন এবং যারা মসজিদে যেতে পারবেননা তাদেরকে কীভাবে অনলাইনের মাধ্যমে সাহায্য ও সহযোগিতা বজায় রাখা যায় সে বিষয়ে পরিকল্পনা করুন।

Download the full 9-step guide at  
[bit.ly/MosqueReopening](https://bit.ly/MosqueReopening)

✉ covid@mcb.org.uk

📷 @muslimcouncil.uk

📺 @muslimcouncil

Training sessions to support you with implementing the above will be starting soon insha'Allah. Please identify your COVID safety officers who should attend the training sessions.

Collated by:

**MCB**  
The Muslim Council of Britain

Help us do more, donate: [LaunchGood.com/MCB](https://LaunchGood.com/MCB)